গাংনীতে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়নে চিকিৎসা সহায়তা প্রদান

মেহেরপুরের গাংনীতে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির আওতায় অসুস্থ অসচ্ছল এক মহিলাকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার সকালে গাংনীর মালশাদাহ অফিসে আনুষ্ঠানিক ভাবে আড়পাড়া গ্রামের শিরিনা খাতুন নামের এক মহিলাকে এ সহায়তা প্রদান করা হয়।

এ সময় ব্র্যাকের জেলা ব্যবস্থাপক মোঃ ফজলুল হক, এলাকা ব্যবস্থাপক নজরুল ইসলাম, এফও (সিইপি) বাবলু কুমার শীল উপস্থিত ছিলেন।

সকলে মিলে কাজ করলে গাংনী হবে মডেল পৌরসভা

গাংনী মাইক্রোবাস চালক সমিতির শ্রমিকদের সাথে শুভেচ্ছা ও মত বিনিময়কালে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, শ্রমিকদের দুঃখ দেখলে আমার প্রাণ কাঁদে। আমিও একজন শ্রমিক। যখন যেখানে শ্রমিক ভাইদের বিপদের কথা শুনতে পাই তখনই তাদের পাশে দাঁড়াবার চেষ্টা করি। সকলে মিলে কাজ করলে গাংনী হবে বাংলাদেশের মডেল পৌরসভা।

এ পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা হিসেবে গোড়ে তোলার প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছিলাম। সামনে আর অল্প সময় হাতে আছে। গাংনী পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা করতে যা করণীয় তা চলমান রয়েছে। আবারও সামনে পৌর নির্বাচনের কথা ভাবছেন নির্বাচন কমিশন। আমি কতটুকু কাজ করেছি তা জনগণই বিচার বিশ্লেষণ করবেন। গাংনী পৌরসভার পানি নিষ্কাশন ব্যবস্থা করা হয়েছে। ওয়াটারপ্লান্ট স্থাপনের জন্য ৫৫ কোটি টাকার কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। স্থান নির্বাচন ও

কাজের অর্ডার হয়েছে।

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ব্যক্তিগত তহবিল থেকে ২৫ কোটি টাকার বরাদ্দ পাওয়া গেছে। সে টাকার কাজ শুরুর পরিকল্পনা করা হবে। গাংনীতে একটি বঙ্গবন্ধু সুপার মার্কেট নির্মাণ করা হবে। সুপার মার্কেটের দ্বিতীয় তলায় আমার শ্রমিক ভাইদের জন্য একটি অফিস বরাদ্দ দেয়া হবে। গাংনীর বিভিন্ন সড়ক উন্নয়ন করা হয়েছে। অনেক সড়ক দখলবাজদের কাছ থেকে দখল মুক্ত করে এইচবিবি করার কাজ চলমান রয়েছে।

তিনি বলেন, গাংনী পৌরসভার পুরো এলাকা সড়ক বাতি স্থাপন করা হয়েছে যা আর কেউ করেননি। করোনা পরিস্থিতিতে গাংনীর অনেক বিত্তবান মানুষ গর্তে ঢুকে পড়েছিল। গর্ত থেকে মুখ বের করে শুধু দেখেছেন শ্রমিক ভাইদের সহযোগীতা করেননি। আমি প্রতিটি শ্রমিক ভাইদের বাড়ি বাড়ি রাতের আধারে খাবার সরবরাহ করেছি। অনেকেই বিত্তবান ছিলেন তারা দুটি করে আলু কিনে সহায়তা করতে পারেননি বরং এলাকা ছাড়া হয়ে পালিয়ে ছিলেন। এখন তারা বড় গলায় কথা বলে প্রতিশ্রুতির ফুলঝুরি ছড়াচ্ছেন। জনগণ আপনাদের চিহ্নিত করে রেখেছে। মঙ্গলবার বিকেলে গাংনী মাইক্রোবাস চালক সমিতি শুভেচ্ছা ও মত বিনিময় সভার আয়োজন করে।

মাইক্রোবাস চালক সমিতির সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মটর শ্রমিক ইউনিয়নের গাংনী উপজেলা শাখার সভাপতি জমির উদ্দিন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ।

মটর শ্রমিক ইউনিয়ন গাংনী উপজেলা শাখার কার্যকরি সভাপতি এনামুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন মাইক্রো বাস চালক সমিতির সাধারণ সম্পাদক রনি বিশ্বাস ও উস্তাদ আকালি হোসেন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ। এসময় মাইক্রোবাস চালক সমিতির সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় শ্রমিকদের উন্নয়নের জন্য তাদের অফিস মেরামতের সকল দায়িত্বভার গ্রহণ করেন মেয়র আশরাফুল ইসলাম।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উদ্যোগে প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বামুন্দি এর উদ্যোগে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা প্রাণী সম্পদ অফিসারের কার্যালয় চত্বরে এ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বামন্দী সাব-স্টেশনের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার ইছাহক আলী বিশ্বাস ও লিডার মহিউদ্দিন এ প্রশিক্ষণের নেতৃত্ব দেন। প্রশিক্ষণে পেট্রোল, অকটেন থেকে আগুন বা অফিস অথবা বাসা বাডীতে গ্যাস সিলিন্ডার বা অন্য কোনভাবে হঠাৎ আগুন লাগলে করণীয় বিষয়ে প্র্যাকটিক্যালে মহড়া দেখানো ও শেখানো হয়।

এ সময় প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোস্তফা জামান, উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (প্রাণী স্বাস্থ্য) আলী হোসেন, অফিস সহকারী/ কম্পিউটার অপারেটর মহিউজ্জামান রেজা, সহ সকল কর্মচারী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পদক বাবুর পক্ষে মাস্ক বিতরণ ও দোয়া কামনা

গাংনী পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আনারুল ইসলামা বাবু মাস্ক বিতরণ ও পৌরবাসির দোয়া সমর্থন কামনা করেছেন।

মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত পৌর আওয়ামীলীগের নেতাকর্মী ও সমর্থকদের সাথে নিয়ে মাস্ক বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন গাংনী পৌর আওয়ামীলীগের সভাপতি মোঃ সানোয়ার হোসেন বাবলু, পৌর আওয়ামীলীগের সহ সভাপতি মতিয়ার রহমান, ৯ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ইউনুস আলী,সাধারণ সম্পাদক ইদ্রিস আলী, উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকসহ পৌর আওয়ামীলীগের নেতাকর্মীবৃন্দ।

আনারুল ইসলাম বাবু বলেন, বিগত দিনে পৌর নির্বাচনে গাংনী পৌর আওয়ামীলীগ গুরুত্বপুর্ণ দায়িত্ব পালন করে আসছে।

আসন্ন নির্বাচনে নির্বাচনে গাংনী পৌর আওয়ামীলীগ যথাযথ দায়িত্ব পালন করবে। সে ক্ষেত্রে নৌকার পক্ষে পৌর আওয়ামীলীগ কাজ করবে। আমি মানুষের দোয়া ও সমর্থন চাইছি । মানুষ যথেষ্ট সাড়া দিয়েছেন।

আগামী নির্বাচনে গাংনী পৌরবাসীর কাছে আমার একটাই চাওয়া আপনার নৌকার পক্ষে থাকবেন। বঙ্গবন্ধার সাথে খাকবেন। জননেত্রী সেখ হাসিনার পক্ষে থাকবেন উন্নয়নের পক্ষে থাকবেন।

গাংনীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস কেম্পেইন পালন উপলেক্ষে এ্যাডভোকেসি সভা

মেরেহপুরের গাংনীতে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস কেম্পেইন পালন উপলেক্ষে এ্যাডভোকেসি ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বস্থ্য কমপ্লেক্স সভাকক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ অনুষ্ঠানের আয়োজন করে।

জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান ও জাতীয় পুষ্টিসেবা স্বাস্থ্য অধিদপ্তর এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বাস্তবায়নে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিবার পরিকল্পনা কর্মকর্তা (টিএইসএ) ডাক্তার এম রিয়াজুল আলম।

প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার

আরএম সেলিম শাহনেওয়াজ।

এমটি ইপিআই আব্দুর রশিদের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে কক্তব্য রাখেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন আহামেদ,গাংনী থানা পুলিশের পক্ষে এসআই হাবিব প্রমুখ।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রোগ নিয়ন্ত্রণ বিভাগের চিকিৎসক ডাক্তার আদিলা আজহার। অন্যান্য বছরের তুলনায় এবছর স্বাস্থ্য বিধি মেনে খোলা জায়গা ক্যাম্প স্থাপনের মাধ্যমে ৯ টি ইউনিয়নে ২১৭ টি কেন্দ্র স্থাপন করা হবে। ৪৩৪ জন স্বেচ্ছাসেবী ভিটাডিমন ‘এ’ প্লাস ক্যাম্পেইনে কাজ করবেন।

উপজেলা ব্যাপী ৬ থেকে ১১ মাস বয়সী ৩৮৬২ জন এবং ১২ থেকে৫৯ মাস বয়সী ৩০২৬২ জন নিরাপদ দুরুত্ব বজায় রেখে মোট ৩৪১০৩ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। ২৭ জন প্রথম সারির তত্বাবধানকারী ক্যাম্পেইন তত্বাবধায়ন করবেন।

গাংনীতে গাঁজাসহ দু মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে গাঁজা সহ দু মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৫ টায় উপজেলার কল্যানপুর কালিতলা এলাকা থেকে তাদের আটক করে গাংনী থানার এস আই এস এম তারিকুজ্জামান।

আটককৃতরা হলেন,দেবীপুর গ্রামের বয়েন বিশ্বাসের ছেলে মইনুদ্দীন
(৪৬) ও ঝোড়াঘাট গ্রামের নুরুল হুদার ছেলে মিজানুর রহমান (৫২)।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,একটি মটরসাইকেল যোগে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পরে তাদের কাছ থেকে ১শ’গ্রাম গাঁজা উদ্ধার ও একটি সিডিআই মটরসাইকেল জব্দ করা হয়।

এস আই এস এম তারিকুজ্জামান জানান, আটকৃতরা পেশায় মাদক ব্যবসায়ী। তারা সিমান্ত এলাকা থেকে মাদক এনে বিভিন্ন এলাকায় সরবরাহ করতো। তাদের নামে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে। মঙ্গলবার সকালে আদালতে সেপার্দ করা হবে।

গাংনীতে বিধবা নারীকে যৌন নির্যাতনের চেষ্টা মামলায় আটক ১

মেহেরপুরের গাংনীতে বিধবা এক নারীকে যৌন নির্যাতনের চেষ্টার অভিযোগে ইন্তাজ আলী নামের এক ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

রবিবার রাতে ঐ বিধবা নারী বাদী হয়ে তার নামে গাংনী থানায় মামলা দায়ের করেন। মামলায় ইন্তাজ আলীকে আটক করেছে পুলিশ। ইন্তাজ আলী মটমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া ফকির পাড়ার ইসমাইল হোসেনের ছেলে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,গত ১৮ সেপ্টেম্বর শুক্রবার মধ্যে রাতে হোগলবাড়িয়া ফকির পাড়ার জনৈক্য এক বিধবা মহিলার ঘরে প্রবেশ করে তাকে যৌন নির্যতনের চেষ্টা করে ইন্তাজ আলী। এ ঘটনায় ঐ মহিলা বাদী হয়ে তার নামে মামলা দায়ের করেছে। মামলা নং ১১ তাং ২০.০৯.২০২০ ইং।

মামলার আসামী ইন্তাজ আলীকে আটক করে মেহেরপুর আদালতে সোপর্দ করা হয়। আদালত তার জামিন না মঞ্জুর করে জেল হাজতে প্রেরনের নির্দেশ দেন।

গাংনীতে শরিফা ফল চাষে কৃষকের সাফল্য ; ঝুঁকছে অন্যরাও

থোকায় থোকায় শোভা পাচ্ছে শরিফা ফল। বাতাসে দোল খাচ্ছে শরিফা, সেই সাথে দোল খাচ্ছে বাগান মালিকের স্বপ্ন। ব্যতিক্রমী কৃষি উৎপাদনের চিন্তা চেতনায় বিলুপ্ত প্রায় শরিফা ফল চাষে বেশ সাফল্য পেয়েছেন মেহেরপুরের গাংনী উপজেলার চেংগাড়া গ্রামের বাহাউদ্দীন।

সুস্বাদু ও বেহেস্তি ফল হিসেবে পরিচিত শরিফা চাষে বেশ লাভবান হয়েছেন তিনি। ৮ বিঘা জমিতে বাগান করে প্রতি বছর কয়েক লক্ষ টাকা আয় করছেন । তার এই সাফল্য এলাকার তরুণ যুবকদেরকে শরিফা বাগান চাষে অনুপ্রেরণা যোগাচ্ছে। আগ্রহী হয়ে উঠছেন অনেকেই।

মেহেরপুরের গাংনী উপজেলার বিশিষ্ট ব্যাংকার বাহাউদ্দীন। শখের বশে আর ব্যাতিক্রমি কিছু করার চিন্তা নিয়েই বছর চারেক আগে মাত্র দুই বিঘা জমিতে শরিফা ফলের বাগান করেন। এলাকাভিত্তিক এর শরিফা ফলের নাম মেওয়া ফল বলে জানেন সকলে। স্থানীয় ভাবে বীজ সংগ্রহ করে তা রোপণ করেন । প্রথম বছরে খরচ করেন মাত্র ২০ হাজার টাকা। পরের বছর আর পেছন ফিরে তাকাতে হয়নি তাকে।

সেবছর শরিফা ফল স্থানীয় ফল বিক্রেতাদের কাছে বিক্রি করে পান ৪০ হাজার টাকা। স্বল্প পুঁজি বিনিয়োগ করে বেশি লাভবান হওয়ায় আরো ৬ বিঘা জমিতে শরিফা বাগান করেন। এ বছর তিনি ৫০ হাজার টাকা খরচ করে পেয়েছেন তিন লাখ টাকা। অনুকুল আবহাওয়া নিজের অদম্য পরিশ্রম এবং কৃষি অফিসের পরামর্শে তিনি শরিফা বাগান করে লাভবান হয়েছেন। কীট পতঙ্গের আক্রমণ না থাকায় এবং রাসায়নিক সারের ব্যবহার একেবারে কম হওয়ায় অনেকেই এ আবাদে ঝুঁকছেন এলাকার অনেক মানুষ।

শরিফা চাষী বাহাউদ্দিন জানান, আগে প্রায় প্রতিটি বাড়িতেই পাওয়া যেতো সুস্বাদু ফল শরিফা। এখন কালের বিবর্তনে হারিয়ে যেতে বসেছে সেই ফল। এখন কেউ আর এ ফলের গাছ রোপণ করেন না। বিলুপ্ত প্রায় এ ফলের গাছ ধরে রাখা ও বাণিজ্যিক ভাবে এ বাগান করার প্রয়াস নিয়েই বাগান করেছেন ।

স্বল্প খরচ আর অল্প পরিশ্রমে বেশি লাভবান হওয়ায় স্থানীয় চাষী ও তরুণরা শরিফা বাগানের প্রতি আগ্রহী হয়ে উঠেছে। স্থানীয়রা পরামর্শ নিচ্ছেন বাগান করার জন্য। গাংনীর ভিটাপাড়ার কলেজ শিক্ষক রফিকুল

আলম জানান, তিনি এ শরিফা চাষে সাফল্যের গল্প শুনেই পরামর্শ নিচ্ছেন বাগান করার। ইতোমধ্যে দুই বিঘা জমি প্রস্তুত করেছেন। বীজ সংগ্রহ করছেন তিনি। রফিকুল আলমের মতো অনেকেই বাহাউদ্দীন ও কৃষি অফিসে পরামর্শ নিচ্ছেন শরিফা বাগান করার জন্য।

স্থানীয় ব্যবসায়ী আঃ রহমান ও লিটন মিয়া জানান, মেওয়া বা শরিফা ফল সুস্বাদু ও পুষ্টিকর হওয়ায় এর চাহিদা রয়েছে। নিজের হাতে বাগান থেকে ফল সংগ্রহ করে স্থানীয় বাজার ও ঢাকাতে পাঠানো হয়। অনলাইনেও এর বেঁচা কেনা হয়। বাগান থেকে ২৫০ টাকা দরে কিনে সাড়ে চারশ টাকা দরে বিক্রি করা হয়। এতে লাভ হয় বেশি।

গাংনী উপজেলা কৃষি অফিসার কেএম সাহাবুদ্দীন আহমেদ জানান, শরিফা একটি বিলুপ্ত প্রায় সুস্বাদু ও পুষ্টিগুণে ভরপুর ফল। বাহাউদ্দীন এটির বাগান করেছেন। এতে অনুপ্রাণিত হয়ে অনেকেই বাগান করার প্রত্যয় ব্যক্ত করে পরামর্শ চাচ্ছেন। এ ফল আবাদে খরচ কম। রোগ বালাই একেবারই নেই। অথচ লাভ অনেক বেশি। কৃষি অফিস সব সময় চাষীদেরকে পরামর্শ দিচ্ছেন। এ ফল আবাদের সম্প্রসারণ ঘটলে পুষ্টির চাহিদা অনেকখানি পূর্ণ হবে।

গাংনীর লাইসিয়াম স্কুলের মতবিরোধের অবসান

মেহেরপুরের গাংনী শহরের লাইসিয়াম মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক ও শিক্ষকদের মধ্যে দীর্ঘ দিনের মতবিরোধের অবসানের লক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বেলা ১১ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এক লিখিত আবেদনের প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক উপস্থিত হয়ে সকলের মতামত গ্রহণ করেন।

মতামত গ্রহণ শেষে বিদ্যালয়ের পরিচালক হিসেবে প্রাথমিকভাবে প্রতিষ্ঠাতা পরিচালক আমিরুল ইসলামকে পুনরায় দায়িত্ব দেয়া হয় এবং

একটি পরিচালনা পর্ষদ গঠন করা হয়। এ পরিচালনা পরিষদের প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম।

এ সময় এম এখালেক উভয় পক্ষের উদ্দেশ্যে বলেন, আপাতত প্রাথমিকভাবে একটি পরিচালনা পরিষদ গঠন করা হচ্ছে। এই কমিটির মাধ্যমে সকলের মতামতের একটি সুনির্দিষ্ট গঠনতন্ত্র তৈরী করা হবে যাতে করে বিদ্যালয়টিতে আগামীতে এ ধরণের উদ্ভুত পরিস্থিতি তৈরি না হয়।

মতবিনিময় সভা অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হাজী শফি কামাল পলাশ, আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম শাহ, পৌর আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু বাজার কমিটির সভাপতি মহাববুর রহমান স্বপন, সাধারণ সম্পাদক বুলু সহ বিদ্যালয়ের প্রতিষ্ঠানকালি পরিচালক আমিরুল ইসলাম ও সকল শিক্ষক কর্মচারি অবিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে বসত ঘরে আগুন

মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের জিয়াউর রহমানের বসত বাড়িতে অগ্নীকান্ডের ঘটনায় আসবাপত্র পুড়ে গেছে। শনিবার দিবাগত রাতের কোন এক সময়ে এ ঘটনা ঘটে।

বাড়ীর মালিক জিয়াউর রহমান জানান, রবিবার সকালে শ^শুর বাড়ী থেকে ফিরে এসে এ অগ্নীকান্ডের ঘটনা দেখতে পায়। সংবাদ পেয়ে বামন্দি সাব-ষ্টেশনের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্য ও পুলিশ সদস্যরা ঘটনাস্থলে এস অগুন নিয়ন্ত্রনে আনে।

তিনি আরো জানান, তিনি স্বপরিবারে মেহেরপুর এলাকায় শ^শুর বাড়ীতে বেড়াতে যান। রোববার ভোরে বাড়ীতে এসে দেখেন তার বসত ঘরের মধ্যে আগুন জ্বলছে। ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আসে।

সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছেন। জিয়াউর রহমানের স্ত্রীর দাবী উদ্দেশ্যমূলক এ ঘটনা ঘটিয়েছে।

তবে জিয়াউর রহমান এ বিষয়ে কোন অভিযোগ করবেন না বলে জানিয়েছেন।

এ অগ্নীকান্ডের ঘটনায় আসবাপত্রসহ কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে।